

রজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-৪ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং এস, আর, ও নং ৩৬০-আইন/২০১৬।—যেহেতু Explosives Act, 1884 (IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্যাস সিলিভার বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ৭ মার্চ, ২০১৬ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫০-আইন/২০১৬ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কাহারো নিকট হইতে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া যায় নাই;

সেহেতু সরকার উক্ত Act এর section 18 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে গ্যাস সিলিভার বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর—

(ক) বিদ্যমান বিধান বিধি (১) সংখ্যায়িত হইবে এবং উক্তরূপ সংখ্যায়িত বিধি এর “কোন খালি সিলিভার” শব্দগুলির পর “এবং উহার ভালভ” শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(১৮০২৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (২) ও (৩) সংযোজিত হইবে, যথা:—

“(২) নিরপেক্ষ পরিদর্শনকারী হিসাবে ১০,০০০ (দশ হাজার) টাকা ফি প্রদান করিয়া তালিকাভুক্তির জন্য আবেদন করিতে হইবে।

(৩) সিলিভার ভল্ড এর আমদানির অনুমতি লাভের জন্য প্রথম ১০০ (একশত) টির জন্য ৩০০ (তিনশত) টাকা হারে এবং পরবর্তী ১০০ (একশত) টি বা উহার অংশ বিশেষের জন্য ১০০ (একশত) টাকা হারে ফি প্রদান করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৬৪-আইন/২০১৩।—Explosives Act, 1884 (VI of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 18, section 5 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গ্যাস সিলিভার বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব এতদ্বারা প্রাক-প্রকাশিত করিল, যথা :—

উপরি উক্ত বিধিমালার—

(ক) বিধি ৩ এর উপ-বিধি (৪) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত “১০,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “২০,০০০ (বিশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এ উল্লিখিত “১,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি ১৯ ক এর পর নিম্নরূপ নূতন বিধি ১৯খ সংযোজিত হইবে, যথা :—

“১৯খ। নন-স্ট্যান্ডার্ড সিলিভারে গ্যাস ভর্তির ফি।—(১) নন-স্ট্যান্ডার্ড সিলিভারে গ্যাস ভর্তির অনুমতি লাভের জন্য প্রধান পরিদর্শকের নিকট নিম্নবর্ণিত হারে ফি প্রদান করিতে হইবে, যথা :—

(ক) প্রথম ৫ (পাঁচ)টি সিলিভারের জন্য ২০০ (দুইশত) টাকা;

(১০৩৩৭)

মূল্য ৪ টাকা ৪.০০

- (খ) পরবর্তী প্রতি ৫ (পাঁচ)টি বা অংশ বিশেষের জন্য ১৫০ (একশত পঞ্চাশ) টাকা; এবং
- (গ) ১৬৫ (একশত পয়ষট্টি)টি বা তদূর্ধ্ব বিশিষ্টতার জন্য ১,০০০ (এক হাজার) টাকা।;
- (গ) বিধি ৩৩ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত “৫,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) বিধি ৪৭ এর উপ-বিধি (২) এর দফা (ক) তে উল্লিখিত “৩০০” সংখ্যার পরিবর্তে “৮০০ (আটশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) বিধি ৫২ এ উল্লিখিত “১০০ (একশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৫০০ (পাঁচশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (চ) তফসিল ৪ এর—
- (অ) ক্রমিক নং ১ এর বিপরীতে ৫ নং কলামে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “৬০০ (ছয়শত)” এবং “৩০০ (তিনশত)” সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) ক্রমিক নং ২ এর বিপরীতে ৫ নং কলামে উল্লিখিত “৫০০০” সংখ্যার পরিবর্তে “১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ই) ক্রমিক নং ৩ এর বিপরীতে ৫ নং কলামে—
- (i) দফা “আ” এর বিপরীতে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” ও “৫০০ (পাঁচশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ii) দফা “ই” এর বিপরীতে উল্লিখিত “১০০০” এবং “৫০০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,৫০০ (এক হাজার পাঁচশত)” এবং “৭০০ (সাতশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (iii) দফা “ঈ” এর বিপরীতে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” এবং “৫০০ (পাঁচশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (iv) দফা “উ” এর বিপরীতে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” এবং “৫০০ (পাঁচশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২। উপরি-উক্ত প্রস্তাবিত সংশোধনী দ্বারা ক্ষতিমুক্ত বা প্রভাবিত হইতে পারে এইরূপ সকল ব্যক্তির জ্ঞাতার্থে এই মর্মে নোটিশ প্রদান করা যাইতেছে যে, প্রস্তাবিত সংশোধনী গেজেট আকারে প্রাক-প্রকাশের তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত সংশোধনীর বিষয়ে কাহারও কোন পরামর্শ বা আপত্তি থাকিলে তিনি উহা নিম্নস্বাক্ষরকারীর বরাবরে লিখিতভাবে প্রেরণ করিতে পারিবেন এবং সরকার উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ গোলাম মোস্তফা  
অতিরিক্ত সচিব (প্রশাঃ/অপাঃ)।